

📖 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫৩২

৬. সদাচার ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ মানুষের প্রয়োজন পূরণ করার জন্য শাসকদের কাছে সুপারিশ করার ব্যাপারে নির্দেশ

ذَكَرُ الْأَمْرِ لِلْمَرْءِ بِالتَّشْفُعِ إِلَى مَنْ بِيَدِهِ الْحُلُّ وَالْعَقْدُ فِي قَضَاءِ حَوَائِجِ النَّاسِ

আরবী

أَخْبَرَنَا بَكْرُ بْنُ مُحَمَّدٍ بْنُ عَبْدِ الْوَهَّابِ الْقَزَّازُ أَبُو عَمْرٍو حَدَّثَنَا أَحْمَدُ بْنُ عَبْدِ الضَّيِّ
حَدَّثَنَا عُمَرُ بْنُ عَلِيٍّ الْمُقَدَّمِيُّ حَدَّثَنَا الثَّوْرِيُّ عَنْ ابْنِ أَبِي بُرْدَةَ عَنْ أَبِيهِ عَنْ أَبِي مُوسَى
قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (إِنِّي أُوتِيَ فَأُسْأَلُ وَيُطْلَبُ إِلَيَّ الْحَاجَةُ وَأَنْتُمْ
عِنْدِي فَاشْفَعُوا فَلْتَوْجَرُوا وَيَقْضِيَ اللَّهُ عَلَى لِسَانِ نَبِيِّهِ مَا أَحَبَّ أَوْ مَا شَاءَ).

الراوي : أَبُو مُوسَى | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات

الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 532 | خلاصة حكم المحدث: صحيح.

قال الشيخ: ابْنُ أَبِي بُرْدَةَ فِي هَذَا الْخَبَرِ أَرَادَ بِهِ ابْنَ ابْنِ أَبِي بُرْدَةَ.
قَالَ أَبُو حَاتِمٍ: وَهُوَ بُرَيْدُ بْنُ عَبْدِ اللَّهِ بْنِ أَبِي بُرْدَةَ بْنِ أَبِي مُوسَى الْأَشْعَرِيِّ.

বাংলা

৫৩২. আবু মুসা আল আশ‘আরী রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আমাকে সম্পদ দেওয়া হয়, অতঃপর মানুষের বিভিন্ন দাবী-দাওয়া-চাওয়া আমার কাছে পেশ করা হয়, তোমরা তো আমার কাছেই থাকো, অতএব তোমরা আমার কাছে সুপারিশ করবে, এতে তোমরা সাওয়াব পাবে। মহান আল্লাহ যা পছন্দ করেন বা পছন্দ করেন না, তা তাঁর নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর জবানীতে ফায়সালা করেন।”[1]

শাইখ বলেছেন যে, এই হাদীসে ইবনু আবী বুরদাহ দ্বারা উদ্দেশ্য হলো আবু বুরদাহ এর নাতী। আবু হাতিম ইবনু হিব্বান রহিমাহুল্লাহ বলেন: “তিনি হলেন বুরাইদ বিন আব্দুল্লাহ বিন আবু বুরদাহ বিন আবু মুসা আল আশ‘আরী রহিমাহুল্লাহ।”

ফুটনোট

[1] মুসনাদুশ শিহাব: ৬২০; আবু দাউদ: ৫১৩১; মুসনাদ আহমাদ: ৪/৪০০; আদাবুল মুফরাদ: ৬০২৭; নাসাঈ: ৫/৭৭; সহীহ আল বুখারী: ১৪৩২; তিরমিযী: ২৬৭২; সুনান বাইহাকী: ৮/১৬৭; সহীহ মুসলিম: ২৬২৭।

হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ১৪৬৪।)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবু মুসা আল- আশ'আরী (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88996>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন